তারিখ 24 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

যুগান্তর

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিষয়ে সেমিনার

**জবি প্রতিনিধি**

'টেকসই উন্নয়নে লক্ষ্যমাত্রার সূচক : পরিসংখ্যানবিদদের ভূমিকা' শীর্ষক এক সেমিনার শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ পরিসংখ্যান সমিতি (বিএসএ) ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) পরিসংখ্যান বিভাগ যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান। সেমিনারে বক্তারা বলেন, একটা দেশের উন্নয়নের অগ্রযাত্রায় পরিসংখ্যানের অবদান অতুলনীয়। সঠিক তথ্য ও গবেষণার মাধ্যমেই প্রকৃত সফলতা অর্জন করা সম্ভব। তারা পরিসংখ্যানের সুষ্ঠু ব্যবহার ও যথাযথ প্রয়োগের গুরুত্ব তুলে ধরেন।

সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান অ্যাসোসিয়েশনের ডাইরেক্টর জেনারেল মো. আবদুল ওয়াজেদ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মো. সেলিম ভূঁইয়া। স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আশরাফ-উল-আলম এবং সঞ্চালনা করেন সহকারী অধ্যাপক মো. সানোয়ার হোসেন। প্রথম অংশে সমাপনী বক্তব্য দেন বাংলাদেশ পরিসংখ্যান অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল এবং বাংলাদেশ ব্যাংকের ডিজিএম মোহাম্মদ বেল্লাল হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান অধ্যাপক এম নুরুল ইসলাম। এছাড়াও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসি অধ্যাপক কাজী সালেহ আহমেদ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ব্যাংক, সরকারি সংস্থার পরিসংখ্যানবিদ ও বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, সেমিনারে পরিসংখ্যানের ৮টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।